অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/14/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 200,000 SUNY শিক্ষার্থীর জন্য মানসিক স্বাস্থ্যসেবায় অ্যাক্সেস সম্প্রসারণ করছেন

28টি SUNY ক্যাম্পাসে সম্প্রসারিত মানসিক স্বাস্থ্য পরিষেবার সমর্থনে 10 মিলিয়ন মার্কিন ডলার

এই বছরের ঐতিহাসিক 163 মিলিয়ন মার্কিন ডলার কার্যকরী বৃদ্ধির মাধ্যমে SUNY-এর স্টেট পরিচালিত ক্যাম্পাসগুলোতে তহবিল বরাদ্দ করা হয়েছে

ক্যাম্পাস উদ্যোগসমূহের রূপরেখা প্রদানকারী ফ্যাক্ট শিট এখানে উপলভ্য আছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির ক্যাম্পাসগুলো তাদের শিক্ষার্থী, শিক্ষকমণ্ডলী এবং কর্মীবৃন্দদের মানসিক স্বাস্থ্য পরিষেবা এবং সমর্থন বাড়ানোর জন্য বার্ষিক স্টেট তহবিলে প্রায় 10 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করছে। এই বিনিয়োগ 28টি ক্যাম্পাসে পরিষেবা বাড়াবে, 200,000 এরও বেশি শিক্ষার্থীকে সমর্থন করবে এবং নিজের স্টেট ব্যাপী টেলি-সাইকিয়াট্রি নেটওয়ার্ক (Statewide Tele-Psychiatry Network, STPN) এবং কমিউনিটি কলেজগুলোর জন্য নতুন টেলি-কাউন্সেলিং বিকল্প তৈরি করবে।

"প্রত্যেক নিউ ইয়র্কবাসী যাতে উচ্চমানের মানসিক স্বাস্থ্য পরিষেবাগুলোর অ্যাক্সেস পায় তা নিশ্চিত করার জন্য আমরা গুরুত্বপূর্ণ বিনিয়োগগুলো করছি," **বলেছেন গভর্নর হোকল।** "কলেজে থাকাকালীন সময় মানসিক চাপগ্রস্ত এবং বিহ্বল মনে হতে পারে, সেক্ষেত্রে এই তহবিল কলেজ ক্যাম্পাসগুলোতে মানসিক স্বাস্থ্য পরিষেবা বাড়াবে যাতে শিক্ষার্থীরা শুধুমাত্র শিক্ষার্থী হওয়ার দিকেই মনোযোগ দিতে পারেন।"

এই বছর SUNY-এর স্টেট পরিচালিত ক্যাম্পাসগুলোতে সরাসরি অপারেটিং সহায়তায় এই তহবিল গভর্নর এবং নিউ ইয়র্ক স্টেটের আইনসভার ঐতিহাসিক 163 মিলিয়ন মার্কিন ডলার পুনরাবৃত্ত বৃদ্ধির মাধ্যমে সুরক্ষিত করা হয়েছিল। তহবিলের প্রভাব তুলে ধরতে, SUNY চ্যান্সেলার জন বি. কিং, জুনিয়র আজ SUNY ওসওয়েগো এবং SUNY কলেজ অব এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড ফরেস্ট্রি (Environmental Science and Forestry, ESF) পরিদর্শনে গেছিলেন। ওসওয়েগোতে, তিনি শিক্ষার্থীদের সাথে মানসিক স্বাস্থ্য নিয়ে কথা বলেন এবং সম্প্রতি সংস্করণ হওয়া মেরি ওয়াকার হেলথ সেন্টারে কাউন্সেলর এবং কর্মীর সঙ্গে দেখা করেন। একমাত্র

সম্মানসূচক পদক প্রাপক ওসওয়েগোর বাসিন্দা মেরি ওয়াকাররে নামে নামকরণ হওয়া সেন্টারটি ক্যাম্পাসের কাউন্সেলিং বা পরামর্শ প্রদানের পরিষেবা দেওয়ার কেন্দ্রস্থল।

SUNY এবং সাধারণভাবে উচ্চশিক্ষায় বিভিন্ন উদ্যোগের অগ্রণী হয়ে থাকা ক্যাম্পাসের মডেল কাউন্সেলিং অপারেশন গড়ে তুলতে, SUNY ওসওয়েগো এই বিষয়ে তার নতুন স্টেট তহবিলে বিনিয়োগ করছে:

- শিক্ষার্থীদের সহযোগিতার জন্য আরও কর্মী নিয়োগ, যেমন প্রান্তিক পটভূমির শিক্ষার্থীদের পরিচর্যা দিতে বিশেষায়িত কর্মী।
- থেরাপি এবং বিভিন্ন ধরনের পটভূমি থেকে আসা বিশেষায়িত কর্মীদের আরও অ্যাক্সেস দিতে টেলি-কাউন্সেলিং চুক্তিতে প্রবেশ।
- কাউন্সেলরদের চুক্তির সময়সীমা সম্প্রসারণ, যাতে তারা পুরো গ্রীষ্মকাল ধরে পরিষেবা দিতে পারেন।
- অত্যন্ত প্রয়োজনীয় পরিষেবাদি দেয় এমন কর্মীর দিনপ্রতি বেতনে যাতে একটি বৃদ্ধি দেওয়া যায়।

SUNY ESF-এ, কাউন্সেলিং সেন্টারের কর্মী শিক্ষার্থীদের জন্য থেরাপি পরিষেবা প্রদান করেন, আউটরিচ উদ্যোগ এবং প্রশিক্ষণের আয়োজন করেন, এবং কীভাবে শিক্ষার্থীদের সেরা সহায়তা দেওয়া যায় এবং তাদের সঙ্গে সংস্থান সংযুক্ত করা যায় সেই ব্যাপারে ক্যাম্পাসের সদস্যদের সাথে পরামর্শ করেন। শিক্ষার্থীদের জন্য প্রদত্ত পরিষেবাদি বাড়ানোর জন্য ESF এইসব খাতে তহবিল ব্যবহার করবে:

- ক্যাম্পাস কমিউনিটির সমর্থনে বাড়তি কর্মী নিয়োগ।
- মানসিক স্বাস্থ্য সম্পর্কিত বিষয়ে নজর রাখে এমন একটি অনুষ্ঠানের জন্য কর্মী, ফ্যাকাল্টি এবং শিক্ষার্থীদের একসাথে আনতে একটি মানসিক স্বাস্থ্যের সিম্পোজিয়মের আয়োজনে।
- ক্যাম্পাসে প্রোগ্রামিংয়ের উদ্যোগগুলোতে সহায়তার জন্য একটি পিয়ার অ্যাম্বাসেডর প্রোগ্রাম চালু করতে।

অন্যান্য স্টেট পরিচালিত ক্যাম্পাস নিজেদের 10 মিলিয়ন মার্কিন ডলারের অংশটি মানসিক স্বাস্থ্য পরিষেবা এবং সহায়তা সম্প্রসারণে ব্যবহার করবে, যার মধ্যে রয়েছে:

- সাইকোলজিস্ট, সমাজ কর্মী, সাইক্রিয়াট্রিক নার্স প্র্যাকটিশনার এবং অন্যান্য চিকিৎসা সংক্রান্ত কর্মী সহ অন্তত 25টি ক্যাম্পাস 90 জনেরও বেশি মানসিক স্বাস্থ্য কর্মীকে নিয়োগ করবে, রেখে দেবে বা চুক্তি বাড়াবে। অনেক ক্যাম্পাস ক্লিনিক্যাল কাজের সময় বাড়িয়ে বা নির্দিষ্ট শিক্ষার্থীর সংখ্যায় নজর দিয়ে শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য চাহিদা পূরণ করতে নিজেদের ক্ষমতা বাড়াতে পারবে।

- 14টি ক্যাম্পাস ক্ষমতা বাড়াতে এবং সংকটের মোকাবিলা ও কাজের সময়ের বাইরে শিক্ষার্থীর প্রয়োজনীয়তা পূরণে টেলিহেলথ চুক্তির সুযোগ নেবে। টেলিহেলথ চুক্তির ফলে অনেক ক্যাম্পাসই আরও বৈচিত্র্যপূর্ণ ক্লিনিক্যাল কর্মীর সাথে শিক্ষার্থীদের সংযুক্ত করার সুযোগ পাবে, বিশেষত্ব এবং জনসংখ্যাগত উভয়দিক থেকেই।

2018 সালে SUNY-এর স্টুডেন্ট টেলি-সাইক্রিয়াট্রি নেটওয়ার্ক (Student Tele-Psychiatry Network, STPN) ।যেখানে চারটি ক্যাম্পাসে পরিষেবাটি কাজে লাগাতো সেখানে 2024 সালের শরতে সেই সংখ্যা 56টি ক্যাম্পাসে দাঁড়িয়েছে। সম্পূর্ণ নেটওয়ার্কটি সিরাকিউজে SUNY-এর আপস্টেট মেডিকেল ইউনিভার্সিটি (Upstate Medical University) থেকে সম্প্রসারিত এবং মনোরোগ বিশেষজ্ঞ, মনোবিজ্ঞানী, সাইক্রিয়াট্রিক নার্স প্র্যাকটিশনার, কেস ম্যানেজার এবং আরও অনেককে কাজে লাগিয়েছে। STPN প্রাথমিকভাবে SUNY শিক্ষার্থীদের মনোরোগের পরিষেবা এবং ওষুধপত্রের ব্যবস্থাপনা দেয়। এছাড়া নেটওয়ার্কটি শিক্ষার্থীদের রোগনির্ণয়, মানসিক স্বাস্থ্যের মূল্যায়ন এবং স্বল্পমেয়াদী জ্ঞানসম্বন্ধীয় আচরণগত থেরাপির ইন্টারভেনশন দিতে পারে। 2017 সালের শরতকাল থেকে, STPN-এর মাধ্যমে সামগ্রিকভাবে 2,085 জন শিক্ষার্থীকে দেখা হয়েছে, সেই সময় থেকে প্রায় 13,430টি অ্যাপেন্টমেন্ট নিয়ে।

SUNY-এর চ্যান্সেলর জন বি. কিং, জুনিয়র বলেন, "মানসিক স্বাস্থ্যও কিন্তু স্বাস্থ্য এবং যেহেতু আরও বেশি শিক্ষার্থী মানসিক স্বাস্থ্যসেবা চাইছে, তাই ক্যাম্পাসে পর্যাপ্ত পরিমাণে কাউন্সেলর বা অনলাইনে 24-7 ব্যবস্থার মতো সম্প্রসারিত পরিষেবা নিয়ে তাদের পাশে আমাদের থাকতে হবে। মানসিক স্বাস্থ্যসেবা শিক্ষার্থীর সাফল্য পথে একটি গুরুত্বপূর্ণ সহায়তা এবং মানসিক স্বাস্থ্য সহায়তায় বার্ষিক তহবিলে 10 মিলিয়ন মার্কিন ডলার সহ গভর্নরের চলমান প্রতিশ্রুতি এবং SUNY-এর ক্যাম্পাসগুলো জুড়ে বিনিয়োগের জন্য আমরা কৃতজ্ঞ।"

SUNY ওসওয়েগোর প্রেসিডেন্ট পিটার ও. নোয়াওসু বলেন, "আমরা চ্যান্সেলর কিং এবং SUNY সিস্টেমকে এমন গুরুত্বপূর্ণ পরিষেবার জন্য মানসিক সুস্থতা এবং সহায়তার প্রতি তাদের চলমান মনোযোগ দেওয়ায় প্রশংসা করি। শিক্ষার্থীর সুস্থতার প্রতি আমাদের প্রতিশ্রুতির প্রশস্ততা এবং গভীরতা আমাদের ক্যাম্পাস সংস্কৃতির একটি বৃহৎ অংশ, এবং এই তহবিল আমাদের একটি সুস্থ ও স্বাভাবিক পদ্ধতিতে এই প্রচেষ্টা গড়ে তোলার সুযোগ দেয়।"

SUNY ESF প্রেসিডেন্ট জোয়ানি মোহানি বলেন, "আমরা যেহেতু ESF-এ পাঠ্যরত সকলের সুস্থতাকে অগ্রাধিকার দিই, তাই আমরা এই তহবিলের প্রশংসা করি যা শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্যের সহযোগিতায় বিভিন্ন উদ্ভাবনী সংস্থানে আমাদের বিনিয়োগ করার পথ খুলে দেয়। আমরা শিক্ষার্থীদের আশু প্রতিবন্ধকতা নেভিগেট করতে সাহায্য করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হলেও, আমাদের চূড়ান্ত লক্ষ্য হল তাদের সেইসব কৌশল এবং দক্ষতা প্রদান করা যা অধ্যাবসায় উন্নত করে ফলে তারা তাদের কলেজ এবং তারপরে হওয়া অভিজ্ঞতায় উন্নতিসাধন করতে পারে।"

অ্যাসেম্বলি সদস্য প্যাট্রিসিয়া ফ্যাহি বলেন, "আমাদের শিক্ষার্থী এবং তরুণ প্রজন্ম এমন এক মানসিক স্বাস্থ্য সংকটের মধ্য দিয়ে যাচ্ছে যা কোভিড-19 মহামারীর পর থেকে শুধু বেড়েই চলেছে, দেশে আরও ব্যাপকভাবে মানসিক স্বাস্থ্য কর্মীর ঘাটতির মধ্যে। আমি এটা দেখে খুশি যে গত বছর SUNY এবং CUNY-এর জন্য আমাদের সুরক্ষিত করা রেকর্ড অপারেটিং সহায়তা

স্টেট জুড়ে ক্যাম্পাসগুলোকে মানসিক স্বাস্থ্যের উন্নতিতে যাচ্ছে যাতে এই সমস্যার মুখোমুখি মোকাবিলা করা যায়। শিক্ষার্থীদের সাফল্যে এবং সর্বাঙ্গীণ মানসিক স্বাস্থ্যসেবায় বিনিয়োগ অব্যাহত রাখার জন্য SUNY চ্যান্সেলর জন কিং এবং গভর্নর হোকলকে ধন্যবাদ।"

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি সম্পর্কে
2023 সালে এর 75তম বর্ষপূর্তি পালন করা নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি মার্কিন যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ সমন্বিত উচ্চ শিক্ষা ব্যবস্থা এবং 95% এর বেশি নিউ ইয়র্কবাসীরা SUNY এর 64টি কলেজ ও ইউনিভার্সিটির কোনো না কোনোটির 30 মাইলের মধ্যে বাস করে। পুরো সিস্টেমজুড়ে, SUNY-র চারটি একাডেমিক স্বাস্থ্যকেন্দ্র, পাঁচটি হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুইটি ডেন্টাল স্কুল, একটি আইন স্কুল, দেশের সবচেয়ে পুরাতন মেরিটাইম স্কুল, স্টেটের একমাত্র অপ্টোমেট্রি রয়েছে, এবং এটি মার্কিন এনার্জি ডিপার্টমেন্টের একটি জাতীয় গবেষণাগার (US Department of Energy National Laboratory) ব্যবস্থাপনা করে। SUNY এর ক্রেডিট ও ক্রেডিটহীন কোর্স, কর্মসূচি, শিক্ষা চালু রাখা, এবং সম্প্রদায়ের আউটরিচ কর্মসূচির সম্পূর্ণ পোর্টফোলিওতে মোট প্রায় 1.4 মিলিয়ন শিক্ষার্থীকে সেবাদান করে। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। পুরো সিস্টেমে 2022 অর্থবছরে গবেষণা ব্যয় ছিল প্রায় 1.1 বিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে শিক্ষার্থী ও শিক্ষকদের উল্লেখযোগ্য অবদান রয়েছে। বিশ্বব্যাপী তিন মিলিয়ন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন এবং কলেজের ডিগ্রীসহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী। কিভাবে SUNY সুযোগ সৃষ্টি করে সে সম্পর্কে আরো জানতে, www.suny.edu-এ যান।

###

আলরো সংোোদ্ পোওয়ো যোলে এখোলর্ www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন